আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৯৭ প্রকাশকাল:০১ ই সেপ্টেম্বর,২০২০ ইংরেজি

সাইটের নামের ব্যাপারে একটি পরামর্শ ও তার উত্তর

একটি পরামর্শঃ

'Fatwa' বা বাংলায় লিখিত 'ফাতওয়া/ফতওয়া' শব্দটি আরবিতে মনে হয় 'فتاوى' (Fatawaa-ফাতাওয়া) তাই শব্দটি মূল আরবি উচ্চারণ ঠিক রেখে লিখলেই মনে হয় বেশি সুন্দর হতো!

সাইফুল ইসলাম রাহমানী

উত্তর:

প্রিয় ভাই! আমাদের কল্যাণ কামনা এবং পরামর্শ প্রদানের জন্য অনেক অনেক শুকরিয়া। আমাদের প্রতি এমন সুদৃষ্টি রাখার জন্য আল্লাহ আপনাকে উত্তম বিনিময় দান করুন। আশা করি আমরা পাঠক, লেখক, সবাই যদি পরস্পরের প্রতি এমন সুদৃষ্টি রাখি এবং পরস্পরের ভুল ত্রুটিগুলো সংশোধনের চেষ্টা অব্যাহত রাখি, তাহলে সহীহ দ্বীনের ওপর পথচলা আল্লাহ আমাদের জন্য সহজ করে দিবেন ইনশাআল্লাহ। তবে এখানে মূলত ওয়াহিদ বা একবচন শব্দটি হল الْفَتْوى (আলফাৎওয়া), الْفُتْيَا (আলফুৎইয়া) ও الْفُتْوى (আলফুৎওয়া)। এই সবগুলোর 'জমা' বা

বহুবচন হল الْفَتَاوى (আলফাতাওয়া) এবং الْفَتَاوِىْ (আলফাতাওয়ি)। আপনি যেটি বলছেন, সেটি মূলত এই বহুবচন। আর আমরা প্রচ্ছদে ব্যবহার করছি একবচন। তার মধ্যে প্রথমোক্ত الْفَتْوى (আলফাৎওয়া) একবচনটি সর্বাধিক প্রসিদ্ধ হওয়ায় আমরা সেটিই ব্যবহার করছি। আর ভেতরের লেখায় বাংলা ভাষাভাষীদের মধ্যে বহুল প্রচলিত ও সহজ উচ্চারণ হিসেবে অনেক সময় 'ফতোয়া'ও ব্যবহার করি। -লিসানুল আরব: ১৫/১৪৭-১৪৮, আলমিসবাহুল মুনির: ২/৪৬২, তাজুল আরুস: ১৯/২১১-২১৩, মুখতারুসসিহাহ: ২৩৪

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (গুফিরা লাহু)

২৮-১২-১৪৪১ হি.

১৯-০৮-২০২০ ইং